দর্শন 2nd Sem CC

চিন্তা বা যুক্তি বোধের সঙ্গে যুক্ত। তর্কবিদ্যার ইংরাজী প্রতিশব্দ LOGIC কথাটি এসেছে LOGOS থেকে, এর অর্থ চিন্তা বা ভাবনা, চিন্তা প্রকাশ পায় ভাষাতেই। আকারগত তর্কবিদ্যায় (Formal Logic) ভাষার স্থান গৌণ, এখানে ভাষার জন্য কতগুলি চিহ্ন বা প্রতীক ব্যবহার করা হয়। তর্কবিদ্যার সংজ্ঞা দিতে গিয়ে কোপি বলেছেন, তর্কবিদ্যা হল বৈধ যুক্তি থেকে অবৈধ যুক্তির পার্থক্য নির্ণয়।

এটি বুঝতে হলে যুক্তি কাকে বলে বুঝতে হবে, যে প্রক্রিয়ার দ্বারা আমাদের চিন্তায় সুসংগত অনুমান প্রক্রিয়া বচনসমষ্টির দ্বারা ভাষায় প্রকাশ পায় তাকে যুক্তি বলা হয়। তর্কবিদ্যা আমাদের যথাযথ যুক্তি গঠন করতে শেখায়। যুক্তিতে থাকে হেতুবাক্য অর্থাৎ যে বাক্যগুলির মাধ্যমে আমরা যুক্তি গঠন করি এবং এর ভিত্তিতে যে বাক্যে উপনীত হই, তা হল সিদ্ধান্ত। যথার্থ যুক্তিতে হেতুবাক্য ও সিদ্ধান্তের একটি সমর্থক সম্পর্ক থাকে।

উক্ত সম্পর্কের ভিত্তিতে আমরা যুক্তিকে বৈধ বা অবৈধ বলি। যুক্তিতে হেতুবাক্য ও সিদ্ধান্তবাক্যের মধ্যে প্রমাণিক সম্বন্ধ থাকে (যদি p তাহলে q), অনিবার্যতা থাকে (যদিও এটি অবরোহ যুক্তি বৈশিষ্ট্য - আরোহ যুক্তির নয়), আকারগত বৈধতা থাকে (এটিও অবরোহ যুক্তির প্রধান বৈশিষ্ট্য)।

যুক্তি দুপ্রকার — অবরোহ ও আরোহ, অবরোহ যুক্তিতে কখনো একটি হেতুবাক্য বা আশ্রয়বাক্য থেকে সিদ্ধান্ত নিঃসৃত হয় আবার কখনো একের বেশী হেতুবাক্য থেকে সিদ্ধান্ত নিঃসৃত হয়, যেখানে একটি হেতুবাক্য থেকে সিদ্ধান্ত নিঃসৃত হয়, তাকে অমাধ্যম অনুমান বলে, যেমন আবর্তন, বিবর্তন, সম্বন্ধ বিপর্যয়, যেখানে একাধিক হেতুবাক্য থেকে সিদ্ধান্ত নিঃসৃত হয়, তাকে বলা হয় মাধ্যম অনুমান, যেমন ন্যায় অনুমান, বৈকল্পিক ইত্যাদি।